

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৯৭

8২/ জাহান্নামের বিবরণ (ﷺ کتاب صفة جهنم عن رسول الله)পরিচ্ছেদঃ এই বিষয়ে আরেকটি অনুচ্ছেদ।

بَابٌ مِنْهُ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةً، عَنِ الأَعْمَشِ، عَنِ الْمَعْرُورِ بْنِ سُوَيْدٍ، عَنْ أَبِي ذَرِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنِّي لأَعْرِفُ آخِرَ أَهْلِ النَّارِ خُرُوجًا مِنَ النَّارِ وَأَخْرُ أَهْلِ النَّارِ خُرُوجًا مِنَ النَّارِ وَآخِرَ أَهْلِ النَّارِ خُرُوجًا مِنَ النَّارِ وَآخِرَ أَهْلِ الْجَنَّةِ دُخُولاً الْجَنَّة يُونَّى بِرَجُلٍ فَيَقُولُ سَلُوا عَنْ صِغَارِ ذُنُوبِهِ وَاخْبَئُوا كِبَارَهَا . فَيُقَالُ لَهُ عَمِلْتَ كَذَا وَكَذَا يَوْمَ كَذَا وَكَذَا يَوْمَ كَذَا وَكَذَا عَمِلْتَ كَذَا وَكَذَا فَي يَوْمِ كَذَا وَكَذَا . قَالَ فَيُقُولُ يَا رَبِّ لَقَدْ عَمِلْتُ أَشْيَاءَ مَا أَرَاهَا فَيُقُولُ لَا لَهُ فَإِنَّ لَكَ مَكَانَ كُلِّ سَيِّئَةٍ حَسَنَةً . قَالَ فَيَقُولُ يَا رَبِّ لَقَدْ عَمِلْتُ أَشْيَاءَ مَا أَرَاهَا هَا هُنَا " . قَالَ فَلَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَضْحَكُ حَتَّى بَدَتْ نَوَاجِذُهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২৫৯৭. হান্নাদ (রহঃ) আবৃ যর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাস্লুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোকটি সব শেষে জাহান্নাম থেকে বের হবে এবং সবার পরে জান্নাতে দাখিল হবে সেই লোকটিকে আমি অবশ্যই জানি। এক ব্যক্তিকে আনা হবে। আল্লাহ্ তা'আলা (ফেরেশতাদের) বলবেনঃ এর ছোট ছোট গুনাহর কথা জিজ্ঞাসা কর আর বড় বড় গুনাহগুলো লুকিয়ে রাখ। এরপর তাকে বলা হবেঃ অমুক অমুক দিনে অমুক অমুক গুনাহ্ করেছিলে? অমুক অমুক দিনে অমুক অমুক গুনাহ্ করেছিলে? রাবী বলেনঃ (সব স্বীকার করে নেওয়ার পর) তাকে বলা হবেঃ এক একটি বদীর স্থলে তোমাকে নেকী দেওয়া হবে। লোকটি বলবেঃ হে রব! আমি আরো (বদ) কাজ করেছিলাম। সেগুলো তো এখানে দেখছি না! বর্ণনাকারী বলেনঃ এ সময় রাস্লুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে হেসে উঠতে দেখলাম। এমন কি তাঁর দাঁত পর্যন্ত ভেসে উঠল। সহীহ, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৯৬ [আল মাদানী প্রকাশনী]

English

Abu Dharr narrated that the Messenger of Allah(s.a.w) said:



"I know the last of the people of the Fire to depart from the Fire and the last of the people of Paradise to enter Paradise. A man will be brought forth and He (s.a.w) will say: 'Ask about his small sins and hide his large sins.' So it will be said to him: 'Did you do this and that on such and such a day, did you do this and that on such- and – such a day?'" He said: "Then it will be said to him; 'For each of your sins you shall have a reward.'" He (s.a.w) said: "So he will say: 'O Lord! I have done things that I do not see here.'" He (Abu Dharr) said: "I saw the Messenger of Allah (s.a.w) laugh until his molars were visible."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন